

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪২
শান্তিরবাজার, ৯ মে, ২০২৪

শান্তিরবাজার মহকুমায় রবীন্দ্র জন্মজয়ন্তী

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং শান্তিরবাজার পুর পরিষদের সহযোগিতায় গতকাল রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপন করা হয়। সুগার মিল সংলগ্ন কবিগুরুর মর্মরমূর্তিতে সকালে মাল্যদান করেন সমাজসেবী নকুল শর্মা। এর আগে শিল্পীগণ প্রভাতফেরীর মাধ্যমে শান্তিরবাজার শহর পরিদ্রুমা করেন। এছাড়াও সন্ধ্যায় শান্তিরবাজার মুকুট অডিটোরিয়ামে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ রবীন্দ্র সঙ্গীত ও রবীন্দ্র নৃত্য পরিবেশন করেন। অনুষ্ঠানের শুরুতে রবীন্দ্রনাথের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধাজ্ঞাপন করেন বিশিষ্ট কবি রবীন্দ্র চৌধুরী এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ।
